

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২৭, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ: ৯ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ/ ২৫ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং ৩৭৮-আইন/২০২৬।—সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৫৯ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমানার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (৪) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৪) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ স্থানান্তরিত পদে নিয়োগের ক্ষেত্রে সরকার বা, ক্ষেত্রমত, সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;”;

(খ) দফা (৯) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৯) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৯) “সরকারিকৃত কলেজের শিক্ষক ও কর্মচারী” অর্থ কোনো সরকারিকৃত কলেজে অধ্যক্ষ, উপাধ্যক্ষ, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক বা প্রভাষক পদে কর্মরত এইরূপ কোনো শিক্ষক, শরীরচর্চা শিক্ষক, প্রদর্শক, গ্রন্থাগারিক, সহকারী গ্রন্থাগারিক বা অন্য কোনো পদে কর্মরত এইরূপ কোনো কর্মচারী, যিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক

(২৬৪৮১)

মূল্য : টাকা ৮.০০

নির্বাচিত বেসরকারি কলেজে নিয়োগের উপর নিষেধাজ্ঞা আরোপ করিবার তারিখের পূর্বে, বেসরকারি কলেজের জন্য প্রযোজ্য নিয়োগ সংক্রান্ত আদেশ, নির্দেশ বা নীতিমালার অধীন, নিয়োগপ্রাপ্ত হইয়া অব্যাহতভাবে উক্ত কলেজে কর্মরত রহিয়াছেন;”;

(২) বিধি ৫ এর—

(ক) উপ-বিধি (১) এর দফা (ক)-তে উল্লিখিত “উপাধ্যক্ষ,” শব্দ ও কমার পর “সহযোগী অধ্যাপক,” শব্দগুলি ও কমা এবং “উপাধ্যক্ষ (নন-ক্যাডার),” শব্দগুলি, বন্ধনী, চিহ্ন ও কমার পর “সহযোগী অধ্যাপক (নন-ক্যাডার),” শব্দগুলি, বন্ধনী, চিহ্ন ও কমা সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (২) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৩) ও (৪) সন্নিবেশিত হইবে, যথা:—

“(৩) অস্থায়ী নিয়োগ প্রজ্ঞাপনে নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষক এবং কর্মচারী ভূতাপেক্ষভাবে উক্ত প্রতিষ্ঠান সরকারিকরণের তারিখে যোগদান করিয়াছেন মর্মে গণ্য হইবে।

(৪) সরকারিকৃত কলেজের কোনো শিক্ষক বা কর্মচারী নিম্নবর্ণিত সকল শর্ত পূরণ সাপেক্ষে, উক্ত কলেজ সরকারিকরণের তারিখে ভূতাপেক্ষভাবে যোগদান করিয়াছেন মর্মে গণ্য হইবে এবং উক্ত যোগদান অস্থায়ী নিয়োগ মর্মে গণ্য হইবে, যথা:—

(ক) উক্ত কলেজ সরকারিকরণের তারিখে উক্ত কলেজে কর্মরত থাকিলে;

(খ) অস্থায়ী নিয়োগ প্রজ্ঞাপনের তারিখে তাহার অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে বা সরকারি চাকরির অবসর গ্রহণের বয়স অতিক্রম হইলে বা মৃত্যু হইলে এবং;

(গ) দফা (খ) এ বর্ণিত অবসর গ্রহণের বয়সের অব্যবহিত পূর্ব পর্যন্ত বা মৃত্যুর অব্যবহিত পূর্ব পর্যন্ত উক্ত কলেজে কর্মরত থাকিলে।”;

(গ) ব্যাখ্যা এর পরিবর্তে নিম্নরূপ ব্যাখ্যা প্রতিস্থাপিত হইবে, যথা:—

“ব্যাখ্যা।—এই বিধির উদ্দেশ্যপূরণকল্পে “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ সরকারিকৃত কলেজের শিক্ষক ও কর্মচারী স্থানান্তরিত পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে তিনি যে সময়ে নিয়োগ লাভ করিয়াছিলেন সেই সময়ে প্রযোজ্য বিধি-বিধান, অনুসৃত পদ্ধতি ও নির্ধারিত যোগ্যতা।”;

(৩) বিধি ৬ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৬। **অস্থায়ী নিয়োগের ক্ষেত্রে বাধা-নিষেধ।**—কোনো ব্যক্তি অস্থায়ী নিয়োগ লাভের যোগ্য হইবেন না, যদি—

- (ক) তিনি বাংলাদেশের নাগরিক না হন বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন বা বাংলাদেশের ডমিসাইল না হন;
- (খ) তিনি বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন; এবং
- (গ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনে বর্ণিত কলেজ সরকারিকরণের তারিখে তাহার বয়স সরকারি কর্মচারীগণের অবসর গ্রহণের বয়স অপেক্ষা অধিক হয়।”;

(৪) বিধি ৭ এর উপ-বিধি (১) এর—

- (ক) দফা (ক) এর প্রাপ্তস্থিত “এবং” শব্দ বিলুপ্ত হইবে;
- (খ) দফা (খ) এর প্রাপ্তস্থিত “।” দাঁড়ি চিহ্নের পরিবর্তে “;” সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে, এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (গ) ও (ঘ) সংযোজিত হইবে, যথা:—
 “(গ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত মেডিক্যাল বোর্ড বা উক্ত অধিদপ্তর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো মেডিক্যাল অফিসার কর্তৃক সংশ্লিষ্ট পদের জন্য তাহাকে স্বাস্থ্যগতভাবে যোগ্য বলিয়া প্রত্যয়িত হইতে হইবে; এবং
 (ঘ) যথাযোগ্য কর্তৃপক্ষ বা সংস্থা কর্তৃক উক্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ তদন্তের মাধ্যমে তিনি প্রজ্ঞাতন্ত্রের চাকরিতে নিয়োগের যোগ্য বলিয়া পরিগণিত হইতে হইবে।”;

(৫) বিধি ৯ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৯ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৯। **বেতন-ভাতাদি নির্ধারণ।**—অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীগণ বিদ্যমান জাতীয় বেতন স্কেলের নির্ধারিত স্কেলে বেতন ও ভাতাদি পাইবেন এবং উক্ত স্কেলে বেতন নির্ধারণের উদ্দেশ্যে বিধি ১৪ এর উপ-বিধি (১) এ বর্ণিত তাহার কার্যকর চাকরিকাল সংশ্লিষ্ট পদের চাকরিকাল বলিয়া গণ্য হইবে।”;

(৬) বিধি ১৩ এর উপ-বিধি (১) এর শর্তাংশে উল্লিখিত “পদ হিসাবে উক্ত ক্যাডারের” শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

- (৭) বিধি ১৪ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(২) সরকারীকৃত কলেজের শিক্ষক ও কর্মচারীগণের কার্যকর চাকরিকাল, তাহাদের বেতন ভাতাদি নির্ধারণ, পেনশন এবং ছুটির জন্য গণনাযোগ্য হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল খালেক
সিনিয়র সচিব।